**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 17-02-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) আগরতলার পূর্বাশা প্রাঙ্গনে আজ থেকে প্রথম কৃষক** উৎপাদন **সংগঠন মেলা শুরু হয়েছে|**

**(২) সীমান্তরক্ষী বাহিনী, বিএসএফ এবং বর্ডার গার্ড বাংলাদেশ, বিজিবির মধ্যে ৫৫তম মহানির্দেশক পর্যায়ের সীমান্ত সমন্বয় সম্মেলন আজ নতুনদিল্লিতে শুরু হয়েছে।**

**(৩) অর্থমন্ত্রী নির্মলা সীতারাম অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পের জন্য পারস্পরিক ঋণ গ্যারান্টি প্রকল্প চালু করেছেন।**

**(৪) ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সদরের অনূর্ধ্ব ১৫ বছরের ক্রিকেট প্রতিযোগিতার সেমিফাইনালে উঠেছে চাম্পামুড়া কোচিং সেন্টার ও এডি নগর কোচিং সেন্টার।**

****************************************************

## FPO Mela Ratan Lal Nath:

আগরতলার পূর্বাশা প্রাঙ্গনে আজ থেকে কৃষি ও কৃষক কল্যান দপ্তরের উদ্যোগে তিন দিনব্যাপি প্রথম কৃষক উৎপাদন সংগঠন মেলা শুরু হয়েছে। কৃষিমন্ত্রী রতন লাল নাথ আজ বিকেলে এই মেলার উদ্বোধন করে বলেন, কেন্দ্রীয় সরকার কৃষি উৎপাদন বৃদ্ধি, কৃষি পন্যের বাজার তৈরি ও কৃষি পন্যের মধ্যস্বত্বভোগীর দৌরাত্ম রুখতে কৃষক উৎপাদন সংগঠন বা FPO উন্নয়ন প্রকল্প তৈরি করে। রাজ্যে এই ধরনের ৫৮টি ব্লকে ৫৮টি FPO তে ন্যুনতম ১০০ জন কৃষক

রয়েছেন। তিনি জানান এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গঠনে কৃষির বিরাট ভুমিকা রয়েছে। রাজ্য সরকার কৃষিতে সয়ম্ভরতা অর্জনের লক্ষ্য নিয়ে কাজ করছে বলে তিনি উল্লেখ করেন।

কৃষিমন্ত্রী বলেন, এ পর্যন্ত প্রধানমন্ত্রী কৃষক সম্মান নিধি যোজনায় রাজ্যে দুই লাখ ২৭ হাজার কৃষককের একাউন্টে ৭৯০ লাখ ৫৩ হাজার টাকা প্রদান করা হয়েছে। আগামী ২৫ শে ফেব্রুয়ারী কৃষক সম্মান নিধির পরবর্তী অর্থরাশি প্রদান করা হবে, বলে তিনি জানান। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সাংসদ রাজীব ভট্টাচার্য, আগরতলা পুর মেয়র দীপক মজুমদার।

********************

**TSECL:**

রাজ্যে বিদ্যুৎ ব্যবস্থাকে আরো উন্নত এবং নিরবচ্ছিন্নভাবে গ্রাহকদের মধ্যে বিদ্যুৎ বিতরণ ক্ষমতা শক্তিশালী করতে আজ রাজ্য বিদ্যুৎ নিগম এবং এনআইটি আগরতলার মধ্যে একটি সমঝোতা পত্র স্বাক্ষরিত হয়েছে। এই সমঝোতা পত্রের মাধ্যমে দুই প্রতিষ্ঠানের মধ্যে বিদ্যুৎ সম্পর্কিত জ্ঞান এবং প্রযুক্তির ভাগাভাগি, গবেষণা সহযোগিতা জোরদার করার লক্ষ্য নেওয়া হয়েছে।

********************

**BSF-BGB:**

সীমান্তরক্ষী বাহিনী, বিএসএফ এবং বর্ডার গার্ড বাংলাদেশ, বিজিবির মধ্যে ৫৫তম মহানির্দেশক পর্যায়ের সীমান্ত সমন্বয় সম্মেলন আজ নতুনদিল্লিতে শুরু হয়েছে। এই সম্মেলন এ মাসের ২০ তারিখে শেষ হবে।

বিএসএফ প্রতিনিধিদলের নেতৃত্ব দিচ্ছেন বিএসএফের মহানির্দেশক দলজিৎ সিং চৌধুরী এবং বিজিবির নেতৃত্ব দিচ্ছেন বিজিবির মহানির্দেশক মেজর জেনারেল মোহাম্মদ আশরাফুজ্জামান সিদ্দিকী। সম্মেলনে সীমান্তরক্ষী বাহিনীর

মধ্যে আরও ভালো সমন্বয়ের জন্য সীমান্ত-সম্পর্কিত বিষয়গুলি নিয়ে আলোচনা করা হবে।

বাংলাদেশ-ভিত্তিক দুর্বৃত্তদের দ্বারা বিএসএফ সদস্য এবং ভারতীয় অসামরিক নাগরিকদের উপর আক্রমণ প্রতিরোধ, আন্তঃসীমান্ত অপরাধ প্রতিরোধের উপায়, একক সারির বেড়া নির্মাণ, বাংলাদেশে ভারতীয় জঙ্গী গোষ্ঠীর বিরুদ্ধে ব্যবস্থা এবং সীমান্ত পরিকাঠামো সম্পর্কিত বিষয়গুলি নিয়েও আলোচনা হবে। উল্লেখ্য, বিএসএফ-বিজিবি সীমান্ত সমন্বয় সম্মেলন গত বছরের মার্চ মাসে বাংলাদেশের ঢাকায় অনুষ্ঠিত হয়েছিল।

*********************

**Minister Tinku Roy:**

সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় আজ কৈলাশহরে বেশ কিছু অনুষ্ঠানে যোগ দেন| ঊনকোটি কলাক্ষেত্রে মহিলা, শিশু, বয়োজ্যেষ্ঠ নাগরিক ও দিব্যাঙ্গজনদের কল্যাণে সরকারী কর্মধারার বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম উদ্বোধন করেন। তিনি বলেন, মহিলা ও শিশুকল্যাণে কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প ও কর্মধারার বিষয়ে জনপ্রতিনিধিদের সচেতন করার লক্ষ্যেই এই কর্মসূচির আয়োজক। তিনি বলেন, প্রবীণ নাগরিক ও দিব্যাঙ্গজনদের সার্বিক উন্নতি বিধানে সরকারের নিরলস প্রয়াস অব্যাহত রয়েছে।

বক্তব্য রাখেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, জেলা শাসক দিলীপ কুমার চাকমা, দপ্তরের অধিকর্তা তপন কুমার দাশ প্রমুখ। অনুষ্ঠানে ভারত সরকারের "মিশন বাৎসল্য" এর আওতায় চারজনকে স্পনসরশিপ এর মঞ্জুরীপত্র তুলে দেওয়া হয়।

ক্রীড়া মন্ত্রী টিংকু রায় আজ কৈলাশহরের রাধাকিশোর ইনষ্টিটিউশনে বিদ্যালয় শিক্ষা দপ্তর আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করেন|

উপস্থিত ছিলেন, ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা, জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার প্রমুখ। পৌরহিত্য করেন কৈলাসহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়। রক্তদান শিবিরে মোট ষাটজন শিক্ষক ও শিক্ষাকর্মী স্বেচ্ছায় রক্তদান করেন।

********************

**Acqua Park:**

কৈলাশহরের বীরচন্দ্রনগর পঞ্চায়েতের হাওর অঞ্চলে মৎস্যচাষ, কর্মসংস্থান ও পর্যটনের লক্ষ্যে সুসংহত একোয়া পার্ক নির্মাণের উদ্যোগ নেওয়া হয়েছে। এই উদ্দেশ্যে আজ মৎস্যচাষী, জমির মালিক ও সরকারী আধিকারিকদের নিয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়| উপস্থিত ছিলেন, মৎস্যমন্ত্রী সুধাংশু দাস, শ্রমমন্ত্রী টিংকু রায়, ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা, মৎস্য অধিকর্তা সন্তোষ দাশ প্রমুখ।

কেন্দ্রীয় মৎস্যমন্ত্রী রাজীব রঞ্জন সিং চলতি ফেব্রুয়ারি মাসের শেষ সপ্তাহে এই একোয়া পার্ক এর শিলান্যাস করবেন বলে মৎস্যমন্ত্রী সুধাংশু দাস জানিয়েছেন। উল্লেখ্য, এই একোয়া পার্ক নির্মাণের জন্য কেন্দ্রীয় সরকার প্রাথমিকভাবে ৪৩ কোটি টাকা অর্থ মঞ্জুরী দিয়েছে।

********************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং

ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

********************

**Nirmala Sitaraman:**

অর্থমন্ত্রী নির্মলা সীতারাম অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পের জন্য মুউচ্যুয়েল ক্রেডিট গ্যারান্টি ঋণদানের নিশ্চয়তা সংক্রান্ত প্রকল্প চালু করেছেন। শ্রীমতি সীতারমন আজ মুম্বাইয়ে এক অনুষ্ঠানে এমএসএমই-র জন্য এই প্রকল্পের সূচনা করে বলেন যে এটি গত তিনটি বাজেটে যে এমএসএমই-গুলির উপর জোর দেওয়া হয়েছিল সেগুলিকে আরও শক্তিশালী করবে। এই প্রকল্পটি এমএসএমই-গুলিকে কোনো রকম শর্ত ছাড়াই যন্ত্রপাতি বা সরঞ্জাম কেনার জন্য ১00 কোটি টাকা পর্যন্ত ঋণ প্রদানের সুবিধা প্রদান করবে।

#######Byte N.Sitaraman######

********************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৩শে ফেব্রুয়ারী রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সঙ্গে মত বিনিময় করবেন৷ এটি হবে ‘মন-কি-বাত’–এর ১১৯তম পর্ব৷ প্রধানমন্ত্রী জনগণকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’ এ জানানোর আহ্ববান জানিয়েছেন৷ my gov open forum –এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন৷ এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800

নম্বরে কল করে হিন্দি বা ইংরেজীতে মতামত রেকর্ড করানো যাবে। এছাড়াও, ১৯২২ নম্বরে মিসকল দিলে যে লিংক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

********************

**Mahakumbh:**

এবার মহাকুম্ভের খবর.......

#######Sound Byte#######

প্রয়াগরাজের মহাকুম্ভে চল্লিশ হাজার বর্গফুট এলাকা জুড়ে বিস্তৃত, স্বচ্ছ সুজল গাঁও বিভিন্ন সরকারি উদ্যোগের অধীনে উত্তরপ্রদেশের গ্রামীণ পটভূমির রূপান্তর প্রদর্শন করছে। এখানে দর্শনার্থীদের সামনে রাজ্যের সাফল্যের কাহিনী তুলে ধরা হয়েছে।

বান্দা, ঝাঁসি, চিত্রকূট, ললিতপুর এবং মাহোবা সহ বুন্দেলখণ্ডের জলের অভাবের সমস্যাগুলি কীভাবে সমাধান করা হয়েছে তা মডেল গ্রামটি প্রদর্শন করে। 'অতিথি দেবো ভব'-এই ঐতিহ্য অনুযায়ী দর্শনার্থীদের 'জল প্রসাদ' বা জলের নৈবেদ্য পরিবেশন করা হয়। উল্লেখ্য, নমামি গঙ্গে এবং গ্রামীণ জল সরবরাহ বিভাগ দ্বারা স্বচ্ছ সুজল গাঁও তৈরি করা হয়েছে। এটি এই মাসের ২৬ তারিখ পর্যন্ত দর্শনার্থীদের জন্য উন্মুক্ত থাকবে।

এদিকে, শুধুমাত্র আজই বিকেল চারটে পর্যন্ত প্রয়াগরাজে মহাকুম্ভে সঙ্গমে এক কোটি ২৩ লক্ষেরও বেশি ভক্ত পূণ্যস্নান করেন। এপর্যন্ত মহাকুম্ভে ৫৪ কোটিরও বেশি ভক্ত পূণ্যস্নান করেন।

#######Sound Byte#######

********************

**DISHA:**

সিপাহীজলা জেলাশাসক অফিসের সভাগৃহে আজ  ২০২৪-২৫ অর্থ বর্ষের সিপাহীজলা জেলা ভিত্তিক দিশা কমিটির পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। কমিটির চেয়ারম্যান সাংসদ বিপ্লব কুমার দেবের সভাপতিত্বে এই সভায় জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত, জেলাশাসক সিদ্ধার্থ শিব জয়সওয়াল, অতিরিক্ত জেলাশাসক, জেলার অন্তর্গত বিভিন্ন বিধানসভা কেন্দ্রের বিধায়ক, পঞ্চায়েত সমিতি, পুর পরিষদ ও নগর পঞ্চয়েতের চেয়ারম্যানরা উপস্থিত ছিলেন। বৈঠকে সরকারি বিভিন্ন প্রকল্পে ২০২৪-২৫ অর্থ বছরে কাজের অগ্রগতি পর্যালোচনা করা হয়।

********************

## TBSE:

এবছর ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত উচ্চমাধ্যমিক পরীক্ষায় মোট পরীক্ষার্থী ২১ হাজার ৫৭৫ জন। এরমধ্যে ফাজিল পরীক্ষায় বসবে উনিশ জন এবং থিওলজি পরীক্ষায় বসবে ৪৯ জন। মাধ্যমিক পরীক্ষায় মোট পরীক্ষার্থী ২৯ হাজার ৭৮১ জন। এর মধ্যে মাদ্রাসা আলিম পরীক্ষার্থী রয়েছে ১১১ জন। ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি ধনঞ্জয় গণ চৌধুরী আজ আকাশবাণীকে এখবর জানান|

********************

## Electric dept.:

আগরতলার বড়দোয়ালিতে আজ রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেড এর টেস্টিং এন্ড কমিউনিকেশন বিভাগের নতুন কার্যালয়ের উদ্বোধন করা হয়েছে উপস্থিত ছিলেন নিগমের ব্যবস্থাপক অধিকর্তা বিশ্বজিৎ বসু, টেস্টিং এন্ড কমিউনিকেশন বিভাগের ডেপুটি জেনারেল ম্যানেজার সন্তোষ রায়| ব্যবস্থাপক অধিকর্তা শ্রী বসু উদ্বোধনী ভাষণে বলেন, এই বিভাগের কার্যক্রম রাজ্যের বিদ্যুৎ সরবরাহে সঠিক ও নিরবচ্ছিন্ন ব্যবস্থাপনায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

********************

**Tripura jono odhikar songram comitee:**

ত্রিপুরা জন অধিকার সংগ্রাম পরিষদ ২২ দফা দাবিতে আগামী ২০ ফ্রেব্রুয়ারী আগরতলার প্যারাডাইস চৌমুহনীতে ৩ ঘণ্টার গণ অবস্থান পালন করবে| পরিষদের পক্ষে কে ধীরেন্দ্র সিংহ আজ আগরতলার এক সাংবাদিক সম্মেলনে একথা জানান| তিনি জানান, উল্লেখযোগ্য দাবিগুলির মধ্যে রয়েছে বেদখল সমস্ত ওয়াকফ্ সম্পত্তি পুনরুদ্ধার করা, রাজ্যে মাদ্রাসা বোর্ড গঠন করা|

********************

**Traffic police unit:**

জিবি বাজারকে যানজট মুক্ত রাখতে আজ পুর নিগমের সঙ্গে যৌথ অভিযান করেছে ট্রাফিক পুলিশ ইউনিট। ট্রাফিক পুলিশের অতিরিক্ত সুপার সুদাম্বিকা আর জানান, বেআইনিভাবে যানবাহন পার্ক করার জন্য মালিকদের নোটিশ পাঠানো হয়েছে। তাঁদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে। তিনি জানান, আগরতলায় এই ধরনের অভিযান নিয়মিত চলবে।

********************

**Under 15 Cricket:**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সদরের অনূর্ধ্ব ১৫ বছরের ক্রিকেট প্রতিযোগিতার সেমিফাইনালে উঠেছে চাম্পামুড়া কোচিং সেন্টার ও এডি নগর কোচিং সেন্টার। আজ আসরের দুটি কোয়ার্টার ফাইনাল অনুষ্ঠিত হয়। এতে নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে এডি নগর কোচিং সেন্টার ৪৫ রানে মৌচাক কোচিং সেন্টারকে এবং আম্বেদকর মাঠে চাম্পামুড়া কোচিং সেন্টার ১৪৫ রানে ক্রিকেট অনুরাগী কোচিং সেন্টারকে হারিয়ে দেয়।

********************

## Women Cricket:

টিসিএ পরিচালিত মহিলাদের আমন্ত্রণমূলক সীমিত ওভারের সিনিয়র ক্রিকেট প্রতিযোগিতার আজ তিনটি খেলা হয়। তালতলা মাঠে কর্ণেল কোচিং সেন্টার ২২০ রানে ক্রিকেট অনুরাগী কোচিং সেন্টারকে, এম বি বি স্টেডিয়ামে ব্লাডমাউথ ক্লাব ৯ উইকেটে এগিয়ে চলো সংঘকে এবং নরসিংগড়ের পিটিএ মাঠে ইউনাইটেড বি এস টি ২ উইকেটে এডি নগর কোচিং সেন্টারকে পরাজিত করে।

********************

## Weather:

আগামীকাল আকাশ পরিস্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৬.৮ ডিগ্রি সেলসিয়াস।

********************

********************